মোটরসাইকেলে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের সময় বিনামূল্যে ক্লাম্প/ব্রাকেট/ফ্রেম সংগ্রহপূর্বক সেগুলো সংযোজন সংক্রান্ত সতর্কতামূলক জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা মোটরসাইকেল মালিকগণকে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন সেক্টরে শৃঙ্খলা আনয়নে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিআরটিএ মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম পরিচালনা করছে। মোটরসাইকেলে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের সময় বিআরটিএ থেকে বিনামূল্যে সরবরাহকৃত ক্লাম্প/ব্রাকেট/ফ্রেম বুঝে নেয়ার অনুরোধ করা হচ্ছে। নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের সময় বিনামূল্যে ক্লাম্প/ব্রাকেট/ফ্রেম সরবরাহ না করা হলে অথবা বহিরাগত কোনো ব্যক্তি এজন্য টাকা দাবী করলে বিআরটিএ এর কল সেন্টার (১৬১০৭) অথবা ০১৫৫০০৫১৫৮৬ নম্বরে কল করে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

বিআরটিএ